

তারিখ :
পৃষ্ঠা : ১৪ কলাম : ১

**মাদারীপুরে ২০ হাজার প্রাথমিক
ও এবতেদায়ী ছাত্রছাত্রী
উপবৃত্তির টাকা পাচ্ছে না**

মাদারীপুর জেলা সংবাদদাতা :
মাদারীপুর জেলার সদর উপজেলার ৯৯টি
সরকারী ও বেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়
এবং ৩০টি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রায়
২০ হাজার ছাত্রছাত্রী জুলাই হতে সেপ্টেম্বর
ও মাসের উপবৃত্তির টাকা পাচ্ছে না।
কোনো সাক্ষরিত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী
বর্তমান আর্থিক বছরে জুলাই হতে যে
সমস্ত সরকারী ও বেজিষ্টার্ড প্রাথমিক
বিদ্যালয়ে ৫ম শ্রেণীর অধ্যয়নরত ছাত্রছাত্রীর
সংখ্যা ২০ লাখ প্রাথমিক বৃত্তি পরিকল্পনা

অংশগ্রহণ করেনি সে সমস্ত বিদ্যালয়ের ১ম
থেকে ৫ম শ্রেণী পর্যন্ত কোন ছাত্রছাত্রী
উপবৃত্তির টাকা পাওয়ার যোগ্য হবে না।
সরকারের এই সিদ্ধান্তের ফলে শুধুমাত্র
মাদারীপুর সদর উপজেলার ১৬৫টি প্রাথমিক
বিদ্যালয়ের মধ্যে ৯৯টি বিদ্যালয়ের প্রায় ১৭
হাজার ৫শ' ছাত্রছাত্রী উপবৃত্তি থেকে বঞ্চিত
হচ্ছে।

অপর পক্ষে সরকারের যোগ্য অনুযায়ী
বর্তমান আর্থিক বছরে জুলাই মাস হতে স্বতন্ত্র
এবতেদায়ী মাদ্রাসায় অধ্যয়নরত ছাত্রছাত্রী
উপবৃত্তি পাওয়ার যোগ্য। সরকারের এই
সিদ্ধান্তের ক্ষেত্রে মাদারীপুর সদর
উপজেলার ৩০টি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার
প্রায় ২ হাজার ৫শ' ছাত্রছাত্রীর একটি
তালিকা সদর উপজেলা নির্বাহী অফিসার ও
সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা কর্তৃক যাচাই-
বাছাইয়ের পর গত ২৪ অক্টোবর সংশ্লিষ্ট
দপ্তরে প্রেরণ করা হয়। এসব ছাত্রছাত্রীর
উপবৃত্তি বাবদ প্রয়োজন ৭ লাখ ২২ হাজার
৪শ' টাকা।